অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/5/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল EMPIRE AI BETA সম্পূর্ণরূপে অনলাইন হওয়ার ঘোষণা করলেন, এবং ফেডারেল সরকার নিউ ইয়র্ক থেকে অনুপ্রেরণা নিয়ে স্টেট ও আঞ্চলিক AI অবকাঠামো কেন্দ্র শুরু করছে

নিউ ইয়র্কের নতুন 40 মিলিয়ন মার্কিন ডলারের সুপারকম্পিউটার নিউ ইয়র্কের গবেষকদের বিশ্বমানের AI কম্পিউটিং সক্ষমতা ব্যবহারের সুযোগ দিচ্ছে

নিউ ইয়র্কের Empire AI আঞ্চলিক AI গবেষণা অবকাঠামো গড়ে তোলার জন্য নতুন ন্যাশনাল সাইন্স ফাউন্ডেশনের জন্য মডেল হিসেবে কাজ করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে Empire AI Beta আনুষ্ঠানিকভাবে অনলাইন হয়েছে, যা নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় সরকারি ও বেসরকারি ইউনিভার্সিটির গবেষকদের দেশের সব থেকে শক্তিশালী একাডেমিক গবেষণা কম্পিউটারের অ্যাক্সেস দিচ্ছে এবং জনকল্যাণে দায়িত্বশীল আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ব্যবহারের দেশকে নেতৃত্ব দেওয়ার জন্য নিউ ইয়র্কের চেষ্টায় এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। গভর্নর Hochul (হোকল) এবং কনসোর্টিয়ামের পার্টনারদের উদ্যোগে গঠিত Empire AI উদ্যোগটি ইতোমধ্যেই জনস্বার্থে AI ব্যবহারের ক্ষেত্রে জাতীয় পর্যায়ে একটি মডেল হিসেবে কাজ করছে। ফেডারেল ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন (National Science Foundation, NSF) তাদের নতুন State and Regional AI Infrastructure Hubs উদ্যোগের মাধ্যমে আঞ্চলিক AI অবকাঠামো এবং যৌথ গবেষণা সক্ষমতা গড়ে তুলতে বড় ধরনের বিনিয়োগের ঘোষণা দিয়েছে, এবং Empire AI ইতোমধ্যেই বিশ্বমানের গবেষণাকে শক্তিশালী করছে এবং পুরো স্টেটের শিক্ষাবিদ, শিক্ষার্থী ও কমিউনিটিকে সেবা প্রদান করছে।

"নিউ ইয়র্ক স্টেট Empire AI তৈরি করেছে এটি প্রমাণ করার জন্য যে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স জনকল্যাণের জন্য তৈরি করা সম্ভব এবং Empire AI Beta আনুষ্ঠানিকভাবে অনলাইনে আসার মাধ্যমে নিউ ইয়র্ক আমাদের গবেষকদের দেশের সব থেকে শক্তিশালী একাডেমিক AI গবেষণা কম্পিউটার প্রদান করছে," **বলেন গভর্নর Hochul (হোকল)।** "ন্যাশনাল সাইন্স ফাউন্ডেশনের নতুন কেন্দ্রগুলি Empire AI-এর মূল নীতিকেই ধারণ করেছে, যা হলো সরকার, বিশ্ববিদ্যালয়, দাতব্য সংস্থা এবং ইন্ডাস্ট্রি একজোট হলে, তারা অসাধারণ ফলাফল অর্জন করতে পারে।"

Empire AI বোর্ডের চেয়ারম্যান Tom Secunda (টম সেকুন্ডা) বলেন, "Empire AI সারা দেশকে দেখাচ্ছে যে সরকার, গবেষণা প্রতিষ্ঠান, এবং দাতব্য সংস্থার নিবেদিতপ্রাণ পার্টনারগুলি

একজোট হলে কী গড়ে তোলা সম্ভব: এমন একটি বৈজ্ঞানিক সম্পদ, যা কোনো একক প্রতিষ্ঠান একা তৈরি করতে পারত না এবং যা জনকল্যাণকে অগ্রসর করে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব ও দূরদৃষ্টির কারণে, নিউ ইয়র্ক একটি মানদণ্ড স্থাপন করে দিচ্ছে যে কীভাবে ইউনাইটেড স্টেটস (United States) গবেষকদের দিয়ে এবং গবেষকদের জন্য AI অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করতে পারবে।"

State University of New York (SUNY)-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "Empire AI Beta গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের এবং জীবন রক্ষা করবে ও আমাদের কমিউনিটিকে শক্তিশালী করবে এমন গবেষণা ত্বরান্বিত করতে AI ব্যবহারে নিউ ইয়র্ক স্টেটের উচ্চশিক্ষা ব্যবস্থার নেতৃত্বদানের সক্ষমতার প্রমাণ। Empire AI-এর কারণে SUNY-এর গবেষকরা স্বাস্থ্যসেবা, জননিরাপত্তা এবং উদীয়মান প্রযুক্তির মতো ক্ষেত্রে প্রতিদিন নতুন অগ্রগতি অর্জন করছেন, এবং একই সাথে দায়িত্বশীল পরিবেশগত ব্যবস্থাপনারও উদাহরণ স্থাপন করছেন।"

CUNY-এর চ্যান্সেলর Félix V. Matos Rodríguez (ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ) বলেন, "Empire AI Beta সরকারি উচ্চশিক্ষার জন্য এক যুগান্তকারী অগ্রগতির প্রতিনিধিত্ব করে, যা নিশ্চিত করছে যে বিশ্বমানের কম্পিউটিং সক্ষমতা শুধু প্রযুক্তি জায়ান্টগুলির জন্য সংরক্ষিত থাকবে না, বরং তা সরাসরি আমাদের নানা ধরনের শিক্ষার্থী, শিক্ষক এবং গবেষকদের হাতে পৌঁছে যাবে। CUNY এবং আমাদের পার্টনার প্রতিষ্ঠানগুলিতে অত্যাধুনিক AI অবকাঠামোর অ্যাক্সেস গণতান্ত্রিক করার মাধ্যমে, নিউ ইয়র্ক এমন গবেষণার জন্য একটি জাতীয় মানদণ্ড স্থাপন করছে যা সামাজিক গতিশীলতা, নৈতিক উদ্ভাবন, এবং আমরা যে কমিউনিটিগুলিকে সেবা দেই তাদের জন্য বাস্তবসম্মত সমাধানকে অগ্রসর করে।"

Empire AI-এর রিসার্চ কম্পিউটিং ডিরেক্টর Kiran Keshav (কিরান কেশব) বলেন, "Beta শুরু হওয়া Empire AI এবং নিউ ইয়র্কের একাডেমিক গবেষণার জন্য একটি বড় অগ্রগতি। যেসব গবেষক আগে কম্পিউটিং সক্ষমতার সীমিত অ্যাক্সেসের কারণে বাধাগ্রস্ত ছিলেন, তারা এখন আরো বড় প্রশ্ন করতে, আরো উচ্চাকাঙ্ক্ষী ধারণা পরীক্ষা করতে এবং তত্ত্ব থেকে আবিষ্কারে আরও দ্রুত অগ্রসর হতে পারবেন। রোগ নির্ণয় এবং জলবায়ু মডেলিং থেকে শুরু করে আরো নিরাপদ অবকাঠামো এবং আরো নির্ভরযোগ্য AI সিস্টেম, সব ক্ষেত্রেই এই সিস্টেম নিউ ইয়র্কের গবেষকদের এমন কাজ করতে সাহায্য করবে, যা অন্যথায় সম্ভব হতো না।"

স্টেট সিনেটর April N.M. Baskin (এপ্রিল এন এম বাসকিন) বলেন, "University at Buffalo-এ দেশের সব থেকে শক্তিশালী একাডেমিক গবেষণা কম্পিউটার থাকা হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Western New York) জন্য একটি অসাধারণ অর্জন। Empire AI শিক্ষার্থী ও গবেষকদের যুগান্তকারী আবিষ্কারে নেতৃত্ব দেওয়ার সুযোগ সম্প্রসারিত করবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সকে দায়িত্বশীলভাবে এবং জনকল্যাণের জন্য তৈরি করা হয়। আমি গর্বিত যে University at Buffalo এই প্রচেষ্টার কেন্দ্রে আছে, যা Empire AI-এর বিকাশের সাথে সাথে ভবিষ্যতের AI-কে সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক করতে সাহায্য করবে।"

স্টেটের সিনেটর Jeremy Zellner (জেরেমি জেলনার) বলেন, "উদ্ভাবন এবং দায়িত্বশীলতা একে অপরের সহায়ক। Empire AI প্রমাণ করে যে সরকারি গবেষণায় বিনিয়োগ, আমাদের ইউনিভার্সিটিগুলিকে সমর্থন, এবং এই প্রযুক্তিগুলি যাতে সকলের জন্য লাভজনক করে তৈরি করা হয় তা নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্ক আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ক্ষেত্রে বিশ্বে নেতৃত্ব দিতে পারে। এই বিনিয়োগ করার জন্য এবং নিউ ইয়র্ককে AI উদ্ভাবনের অগ্রভাগে নিয়ে আসার ক্ষেত্রে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমি তার প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "Empire AI Beta অনলাইনে এসেছে দেখে আমি অত্যন্ত আনন্দিত। নিউ ইয়র্কে এমন চ্যালেঞ্জের কোনো অভাব নেই যেখানে Empire AI সামাজিক সমস্যাগুলির সমাধানে বিশ্লেষণভিত্তিক সমাধান দিতে পারে। বর্তমানে 300টির বেশি প্রজেক্ট এই সিস্টেম ব্যবহারের জন্য অপেক্ষায় আছে, এবং গবেষণা ও উচ্চশিক্ষায় আমাদের পার্টনারগুলির মাধ্যমে Empire AI-এর কার্যক্রমে দেখতে আমি আগ্রহী এবং নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তর কল্যাণে নেতৃত্বকে কার্যকর করতে গভর্নর Hochul (হোকল), তার প্রশাসন এবং স্টেট আইনসভাকে (Legislature) সাহায্য করার ক্ষেত্রে Empire AI-এর সক্ষমতার উপর আমার আস্থা আছে।"

State University of New York at Buffalo-এ অবস্থিত Empire AI Beta হলো NVIDIA-চালিত 40 মিলিয়ন মার্কিন ডলারের একটি সুপারকম্পিউটার যা নিউ ইয়র্ক স্টেটের একাডেমিক গবেষকদের জন্য কম্পিউটিং সক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে সম্প্রসারিত করেছে। 2024 সালে শুরু হওয়া কনসোর্টিয়ামের প্রাথমিক সিস্টেম Empire AI Alpha-এর তুলনায় এই সিস্টেম AI প্রশিক্ষণ সক্ষমতা 11 গুণ, AI ইনফারেন্স সক্ষমতা 40 গুণ এবং ডেটা সংরক্ষণ সক্ষমতা 8 গুণ বৃদ্ধি করেছে। বর্তমানে 300টির বেশি প্রজেক্ট এই সিস্টেম ব্যবহারের জন্য অপেক্ষায় আছে, এবং Beta স্বাস্থ্যসেবা, জলবায়ু বিজ্ঞান, উন্নত উৎপাদন, শিক্ষা, সাইবার নিরাপত্তা, জননিরাপত্তা এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সরাসরি লাভজনক এমন অন্যান্য ক্ষেত্রে গবেষণার গতি ত্বরান্বিত করবে।

Beta-এর উদ্বোধন Empire AI-এর ধাপে ধাপে সম্প্রসারণের পরবর্তী গুরুত্বপূর্ণ পদক্ষেপকে নির্দেশ করে। Simons Foundation-এর দাতব্য সহায়তায় বাস্তবায়িত কনসোর্টিয়ামের প্রাথমিক সিস্টেম Alpha ইতোমধ্যেই নিউ ইয়র্কের 130টির বেশি গবেষণা প্রজেক্ট এবং শত শত গবেষককে সমর্থন করেছে। Beta এখন সক্ষমতাকে রূপান্তরমূলকভাবে বাড়িয়ে দিচ্ছে, এবং একই সাথে University at Buffalo-এ Empire AI-এর স্থায়ী, পূর্ণাঙ্গ Gamma স্থাপনার নির্মাণকাজ চলমান রয়েছে, যা 2027 সালের শেষ নাগাদ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

কাজ শেষ হলে Gamma স্থাপনাটি এছাড়াও দেশের সব থেকে দক্ষ উচ্চক্ষমতাসম্পন্ন কম্পিউটিং কেন্দ্র হবে। University at Buffalo-এ নির্মাণাধীন ক্লোজড লুপ সিস্টেমে থার্মাল এনার্জি নেটওয়ার্কের সাথে যুক্ত করার ফলে, Empire AI থেকে উৎপন্ন প্রক্রিয়াজাত তাপ ক্যাম্পাসের ভবনগুলি গরম করতে ব্যবহৃত হবে, যা ইউনিভার্সিটির নেট-জিরো লক্ষ্য অর্জনের সক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করবে।

Empire AI-এর সদস্য প্রতিষ্ঠানগুলি হলো State University of New York, City University of New York, Columbia University, Cornell University, New York University, Rensselaer

Polytechnic Institute, University of Rochester, Rochester Institute of Technology, Icahn School of Medicine at Mount Sinai এবং Simons Foundation-এর Flatiron Institute।

গভর্নর তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেট (State of the State) ভাষণে Empire AI-এর ঘোষণা দেন যার লক্ষ্য ছিল State University at Buffalo-এ একটি অত্যাধুনিক আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স কেন্দ্র প্রতিষ্ঠা করা, যেটিকে নিউ ইয়র্কের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠানগুলি দায়িত্বশীল গবেষণা ও বিকাশ অগ্রসর করা, চাকরি তৈরি করা এবং জনকল্যাণের জন্য AI-এর সুযোগ উন্মোচনের জন্য ব্যবহার করবে। Empire AI Beta সম্পূর্ণরূপে অনলাইনে আসার মাধ্যমে নিউ ইয়র্ক ইতোমধ্যেই সেই কম্পিউটিং সক্ষমতা, প্রাতিষ্ঠানিক পার্টনারশিপ এবং গবেষণা সক্ষমতা প্রদান করছে যা NSF অনুকরণ করতে চাচ্ছে।

এম্পায়ার AI 500 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সরকারি ও বেসরকারি অর্থায়নে সমৃদ্ধ এবং এটি 10টি সদস্য ইউনিভার্সিটি ও গবেষণা প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত। 2025 সালের মে মাসে, গভর্নর Hochul (হোকল) অ্যালবানির স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক, বিংহ্যামটনের স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক, বাফেলোর স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক এবং স্টোনি ব্রুকের স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কে SUNY গবেষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধির জন্য তহবিল নিশ্চিত করেছেন এবং সেই সাথে ইউনিভার্সিটি অব রচেস্টার (University of Rochester), রচেস্টার ইনস্টিটিউট অব টেকনোলজি (Rochester Institute of Technology) এবং মাউন্ট সিনাইয়ের আইকান স্কুল অব মেডিসিন (Icahn School of Medicine)-এর নতুন সদস্যদের অন্তর্ভুক্তিতে সহায়তা প্রদান করেছেন। তারা এম্পায়ার AI-এর সাতটি প্রতিষ্ঠাতা সদস্যের সাথে যোগ দিয়েছেন: SUNY, CUNY, Columbia University, Cornell University, New York University, Rensselaer Polytechnic Institute এবং Flatiron Institute।

2026 সালের স্টেট অব দ্য স্টেট এজেন্ডাতে, গভর্নর Hochul (হোকল) এম্পায়ার AI বিটা (Empire AI Beta) চালুর প্রস্তাব করেন যেটি এম্পায়ার AI-এর কর্মক্ষমতাকে পূর্বের তুলনায় 11 গুণ বৃদ্ধি করবে যা একে বিশ্বের সবচেয়ে উন্নত অ্যাকাডেমিক সুপারকম্পিউটারে পরিণত করবে। গভর্নর Hochul (হোকল) বিংহ্যামটনের স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের জন্য একটি রেকর্ড-সৃষ্টিকারী অনুদান ঘোষণা করেছেন যার মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম স্বাধীন ইউনিভার্সিটি AI গবেষণা কেন্দ্র হিসেবে সেন্টার ফর AI রেসপন্সিবিলিটি অ্যান্ড রিসার্চ অ্যাট বিংহ্যামটন ইউনিভার্সিটি (Center for AI Responsibility and Research at Binghamton University) প্রতিষ্ঠিত হবে। এই 30 মিলিয়ন মার্কিন ডলারের জনকল্যাণমূলক অনুদানটি ইউনিভার্সিটির ইতিহাসের বৃহত্তম শিক্ষামূলক অনুদান যার সাথে SUNY-এর পক্ষ থেকে আরো 25 মিলিয়ন মার্কিন ডলারের গবেষণামূলক মূলধন বিনিয়োগ যুক্ত করা হয়েছে।

###

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।